

আন্তর্জাতিক শান্তি দিবস উপলক্ষে জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী

২১ সেপ্টেম্বর ২০০৩

এবছর আন্তর্জাতিক শান্তি দিবস উদযাপনের মধ্যে নিগুঢ় তাৎপর্য বিদ্যমান। সাম্প্রতিককালের বিভিন্ন সমস্যা - সংঘাত, সহিংসতা, ঘৃণা, জাতিসংঘ অফিসে বোমা হামলা, রাষ্ট্রসমূহের মাঝে গভীর বিভক্তি প্রভৃতি বিষয়গুলো- শান্তির উদ্যোগ এবং বিশ্বের সকল মানুষের কল্যাণ ও মঙ্গলের লক্ষ্যে আন্তর্জাতিক সম্প্রদায়ের সদৃশ্যে প্রশ্নের মুখে দাড়া করিয়ে দিয়েছে।

জাতিসংঘ সাধারণ পরিষদে আন্তর্জাতিক শান্তি দিবস উদযাপনের সিদ্ধান্ত গ্রহণের সময় বলা হয়েছিল, “দিবসটি বিশ্বব্যাপী সহিংসতাহীন যুদ্ধমুক্ত একটি দিন। যা একদিনের জন্য হলেও ‘বৈরীতা-মুক্তি’কে সম্মান জানাতে সকল দেশ ও জাতির প্রতি একটি আহবান”। যেসব কারণে উদ্বাস্ত ও আশ্রয়হীন মানুষ তাদের নিজগৃহ থেকে বিতাড়িত- সেগুলো থেকে কিছুটা হলেও নিবৃত্ত থাকা, অবরুদ্ধ নাগরিকদের নিরাপদে সরিয়ে আনা, নির্বিঘ্নে মানবিক সাহায্য প্রদান, শস্য রোপণ, আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রভৃতি কারণে এ দিবসের তাৎপর্য এখনও জোরালো।

বৃহৎ আন্তর্জাতিক পরিমন্ডলে আজকের দিনে আমরা যে সকল সমস্যা এবং চ্যালেঞ্জের সম্মুখীন - অবশ্যই শান্তি দিবসে সেগুলো থেমে যাওয়ার প্রতিচ্ছবি থাকা উচিত। বিশ্বের কিছু অংশে শান্তি ও নিরাপত্তার জন্য হুমকী হিসাবে নতুন ধরনের আরো ভয়ংকর সন্ত্রাসবাদ, অপ্রচলিত অস্ত্রসমূহের বিস্তার, বহুজাতিক অপরাধচক্রের বিস্তার ইত্যাদি দেখা দিচ্ছে, যা অনেক সময় একে অপরের বিরুদ্ধে শক্তি প্রয়োগের কারণ। আবার বিশ্বের বহু অংশে এখনও দারিদ্র, ব্যাধি, বঞ্চনা, গৃহযুদ্ধ সর্বোচ্চ সমস্যা হিসাবে বিরাজমান।

আমাদের চ্যালেঞ্জ হল এসব হুমকী মোকাবেলায় আমাদের নিয়মনীতি, সরঞ্জামাদি এবং প্রতিষ্ঠানসমূহ শক্তিশালী করা। কোন বিষয়কে প্রথম-দ্বিতীয় বিবেচনা না করে রাষ্ট্রীয় সীমানার বাইরে এসে সকল মানুষের সমস্যা হিসাবে একটি বৈশ্বিক যোগসূত্র স্থাপন করা। বিগত বছরের মতপার্থক্যসমূহ আমাদের ঐক্য নীতি ও সরঞ্জামগুলোর সামর্থ্য ও কার্যকারিতাকে সন্দেহবিষ্ট করে দিয়েছে।

আন্তর্জাতিক শান্তি দিবসের এই ২৪ টি ঘন্টাকে আসুন আমরা কাজে লাগাই। আমাদের সময়ে শান্তি ও নিরাপত্তার উপর প্রবল হুমকীসমূহের ব্যাপারে বৈশ্বিক সম্মতি অর্জন, এবং তার চেয়েও বড় কথা আমরা এর জন্য কি করতে পারি সে বিষয়ে সাধারণ পরিষদের আলোচনা অব্যাহত থাকাকালে আশা করি এই স্বল্পসময় একটি শান্তিপূর্ণ সংলাপ শুরু করার পক্ষে অপেক্ষাকৃত উপযোগী হবে।

** ** ** ** **